চাটমোহরে ১২ জনকে ষাট হাজার টাকা জরিমানা

স্টাফ রিপোর্টার: চাটমোহরে
নির্বাচনী আচরন বিধি লঙ্ঘন করে
প্রচারণার যানবাহন (ইজিবাইক)
ব্যবহার করায় শনিবার দুপুরে ১২
জনকে ৬০ হাজার টাকা জরিমানা করেছে
ভ্রাম্যমান আদালত।

উপজেলার মথুরাপুর ইউনিয়নের আনকুটিয়া গ্রামে অভিযান চালিয়ে বিএনপির বিদ্রোহী (স্বতন্ত্র প্রার্থী) রেজাউল করিম বাবু’র আনারস প্রতীকের কর্মী-সমর্থক বহনকারী ১২টি ইজিবাইক চালকসহ আটক করে।

আটককৃতরা হলো, পৌর সদরের নারিকেলপাড়া মহল্লার আব্দুল করিম, নাজিম উদ্দিন, রবিউল, দোলং মহল্লার সোহেল, শরিফুল, আনকুটিয়া গ্রামের জিল্লুর রহমান, রামনগর দিয়ারপাড়ার আরশেদ, রফিকুল, অমৃতকুন্ডা’র (রেল বাজার) বুলবুল, ভাদড়ার উদ্দিন শেখ, চড়ইকোল গ্রামের দুলাল হোসেন ও জাকির হোসেন।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট মো. মিজানুর রহমান ভ্রাম্যমান আদালতে প্রত্যেককে ৫ হাজার করে মোট ৬০ হাজার টাকা জরিমান অনাদায়ে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করেন।

পরে জরিমানার টাকা দিয়ে যানবাহন (ইজিবাইক) সহ ১২ জন মুক্তি পান।